এক নজরে মহিলাদের স্বপক্ষে বিভিন্ন আইন

কর্মক্ষেত্রে কোনও মহিলা কর্মচারীকে অনাকাঙ্খিত/অশোভন ইঙ্গিত করা, বারবার তাকানো, অশ্লীল ছবি বা ভিডিও দেখানো, শারীরিক সম্পর্ক স্থাপনে বাধ্য করা (এই আইনের মধ্যে পড়বেন গৃহ শ্রমিক, শ্রমিক, সেলস গার্ল, স্বাধীন ব্যবসায়ী, প্রশিক্ষণার্থী এদের ও মহিলা কর্মচারী বলা হয়)

শ্বশুরবাড়ি থেকে পণ চাওয়া, বিয়েতে পাওয়া (স্ত্রীধন), গহনা-টাকা পয়সা কেড়ে নেওয়া, মারধর করা, গঞ্জনা দেওয়া বা অন্য কোনভাবে শারীরিক বা মানসিক লাঞ্ছনা করা, আত্মহত্যা করার জন্য প্ররোচনা দেওয়া বা প্রাণে মেরে ফেলা

অ্যাসিড বা দাহ্য বস্তু ছুঁড়ে মারা বা মারার চেষ্টা করা, অপরিচিত বা লাইসেন্স বিহীন ভাবে অ্যাসিড বা দাহ্য বস্তু বিক্রি করা/প্রামান্য কোন নথি ছাড়া অ্যাসিড বিক্রি করা

কোনও মহিলাকে ডাইনী সন্দেহে অপমান করা, তার নিজের বা সম্পত্তির ক্ষতি করা, গোবর বা নোংরা জিনিস খাওয়ানো, অর্ধনগ্ন/নগ্ন করে মুখে কালি মাখিয়ে রাস্তায় ঘোরানো, তাকে সুস্থ করার জন্য ঝাড়ফুঁক/মন্ত্রতন্ত্র/টোটকা করা বা করার চেষ্টা করে ডাইনির চিকিৎসা করার কথা বলা

কোনও মহিলাকে বল প্রয়োগে বা তার ইচ্ছার বিরুদ্ধে তার পিছু করা, বারবার ফোন করা, ইন্টারনেটে বিরক্ত করা, তার ফটো তোলা বা তার ফটো বিভিন্ন জায়গায় ছড়িয়ে দেওয়া, অশ্লীল ইঙ্গিত করা, অশ্লীল কথা বলা, শিস দেওয়া, জোর করে কথা বলা, বারবার তার দিকে তাকানো, লুকিয়ে লুকিয়া দেখা বা দেখার চেষ্টা করা, তাকে ছোঁয়া, তার জামা-কাপড় খোলা বা খোলার চেষ্টা করা, বলাৎকার করা বা বলাৎকার করার চেষ্টা করা

18 বছরের কম বয়সী মেয়েকে বিয়ে করা, তার বিয়ে দেওয়া, বিয়েতে উপস্থিত থাকা বা এই ধরণের বিয়েতে উৎসাহ দেওয়া

বাড়ির মধ্যে মেয়ে, বোন, মা, স্ত্রী, প্রেমিকাকে দৈহিক, মানসিক, যৌন, আর্থিক ভাবে বিরক্ত করা যেমন গঞ্জনা দেওয়া, খেতে না দেওয়া, বাড়িতে আটকে রাখা, বাচ্চাদের থেকে আলাদা করে রাখা, হাত খরচ না দেওয়া, তার রোজগার বা সম্পত্তি ছিনিয়ে নেওয়া, মারধর করা, জোর করে বা তার অনিচ্ছা সত্ত্বেও শারীরিক সম্পর্ক স্থাপন করা

আইনের চোখে এগুলি অপরাধমূলক কাজ। যিনি এগুলি করবেন তার সাজা বা জরিমানা অথবা সাজা ও জরিমানা দুটোই হতে পারে।

কর্মক্ষেত্রে এধরণের দোষী ব্যক্তিকে সাসপেন্ড করা, তার বেতন কেটে নেওয়া বা তাকে চাকরী থেকে বরখাস্ত করা প্রভৃতি পদক্ষেপ নেওয়া যেতে পারে।

নির্যাতিতা মহিলাকে পরামর্শ দান, সাহায্য করা, পুনর্বাসন দেওয়া, থাকার জায়গা দেওয়া, বাচ্চার জন্য থাকার জায়গা দেওয়া, ভরণপোষণ বা খোরপোষ এবং ক্ষতিপূরণের ব্যবস্থা করা যেতে পারে।

PLD
পার্টনার ফর ল ইন ডেভলপমেন্ট
এফ 18, দ্বিতীয় তল, জংপুরা এক্সটেনশন
নিউ দিল্লী 110014
www.pldindia.org
www.cedawsouthasia.org